গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
সংস্থাপন অধিশাখা
www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.০০০.৪১১.১১.০০০১.২৬. ১৫৭

তারিখ: ০৮ বৈশাখ ১৪৩৩
২১ এপ্রিল ২০২৬

**নিয়োগ বিজ্ঞপ্তি**

মন্ত্রিপরিষদ বিভাগ এবং এর আওতাধীন তোশাখানা ইউনিট, তোশাখানা জাদুঘরের নিম্নবর্ণিত পদসমূহে সরাসরি নিয়োগের জন্য পদের পাশে বর্ণিত শর্তে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে অনলাইনে (https://cabinet.teletalk.com.bd ওয়েবসাইটে) আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। অনলাইন ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না।

**মন্ত্রিপরিষদ বিভাগ**

| ক্রমিক নম্বর | পদের নাম ও বেতনস্কেল (জা. বে. স্কেল, ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১। | সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর<br>(গ্রেড-১৩)<br>১১০০০-২৬৫৯০/- | ০৫<br>(পাঁচ)টি | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত; এবং<br>গ) সাঁটলিপিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৭০ শব্দ এবং বাংলায় ৪৫ শব্দ; কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৩০ শব্দ ও বাংলায় ২৫ শব্দ; এবং<br>ঘ) কম্পিউটারে word processing সহ ই-মেইল, ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। |
| ২। | কম্পিউটার অপারেটর<br>(গ্রেড-১৩)<br>১১,০০০-২৬৫৯০/- | ০৫<br>(পাঁচ)টি | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং<br>খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test-এ উত্তীর্ণ হতে হবে। |
| ৩। | ক্যাটালগার<br>(গ্রেড-১৩)<br>১১০০০-২৬৫৯০/- | ০১<br>(এক)টি | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ যে কোন বিষয়ে স্নাতক ডিগ্রি এবং কোন স্বীকৃত প্রতিষ্ঠান বা ইনস্টিটিউট হতে গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা; এবং<br>খ) MS Office এ অভিজ্ঞতাসহ কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত |
| ৪। | ক্যাশিয়ার<br>(গ্রেড-১৪)<br>১০২০০-২৪৬৮০/- | ০১<br>(এক)টি | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রি:<br>খ) কম্পিউটারে word processing সহ কম্পিউটার চালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৫। | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>(গ্রেড-১৬)<br>৯৩০০-২২৪৯০/- | ২০<br>(বিশ)টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত;<br>গ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজিতে ২০ শব্দ; এবং<br>ঘ) কম্পিউটারে word processing সহ ই-মেইল, ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৬। | ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর<br>(গ্রেড-১৬)<br>৯৩০০-২২৪৯০/- | ০২<br>(দুই)টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজিতে ২০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test-এ উত্তীর্ণ হতে হবে। |
| ৭। | অফিস সহায়ক<br>(গ্রেড-২০)<br>৮,২৫০-২০,০১০/- | ২৪<br>(চব্বিশ)টি | কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

**তোশাখানা ইউনিট, তোশাখানা জাদুঘর**

| | | | |
|---|---|---|---|
| ১। | মডেলার<br>(গ্রেড-১৬)<br>৯৩০০-২২৪৯০/- | ০১<br>(এক)টি | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে চারুকলা বিষয়ে অন্যূন স্নাতক ডিগ্রি; এবং<br>খ) মডেল ও ডিওরমা তৈরিতে বাস্তব অভিজ্ঞতা। |
| ২। | স্টোর কিপার<br>(গ্রেড-১৬)<br>৯৩০০-২২৪৯০/- | ০১<br>(এক)টি | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্যে অন্যূন স্নাতক ডিগ্রি; এবং<br>খ) স্টোরের কাজে অন্যূন ১ (এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |

| | | | |
|---|---|---|---|
| ৩। | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>(গ্রেড-১৬)<br>৯৩০০-২২৪৯০/- | ০২<br>(দুই)টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) কম্পিউটার চালনায় প্রশিক্ষণপ্রাপ্ত; এবং<br>গ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজিতে ২০ শব্দ। |
| ৪। | গ্যালারী অ্যাটেনডেন্ট<br>(গ্রেড-১৬)<br>৯৩০০-২২৪৯০/- | ০৪<br>(চার)টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>খ) ইংরেজিতে কথোপকথনের দক্ষতা। |
| ৫। | ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর<br>(গ্রেড-১৬)<br>৯৩০০-২২৪৯০/- | ০১<br>(এক)টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে সর্বনিম্ন বাংলায় ২০ শব্দ এবং ইংরেজিতে ২০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test-এ উত্তীর্ণ হতে হবে। |
| ৬। | ইলেক্ট্রিশিয়ান<br>(গ্রেড-১৬)<br>৯৩০০-২২৪৯০/- | ০১<br>(এক)টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) কোন স্বীকৃত ইনস্টিটিউট হতে ইলেকট্রিক্যাল ট্রেড কোর্স সার্টিফিকেট; এবং<br>গ) ইলেকট্রিক লাইসেন্সিং বোর্ড হতে লাইসেন্সপ্রাপ্ত। |
| ৭। | রিসিপশনিস্ট<br>(গ্রেড-১৬)<br>৯৩০০-২২৪৯০/- | ০১<br>(এক)টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>খ) ইংরেজিতে কথোপকথনের দক্ষতা। |
| ৮। | প্রকাশনা সহকারী<br>(গ্রেড-১৬)<br>৯৩০০-২২৪৯০/- | ০১<br>(এক)টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>খ) প্রিন্টিং টেকনোলজি, প্রুফরিডিং এবং প্রকাশনামূলক কাজে ০১ (এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ৯। | নিরাপত্তা প্রহরী<br>(গ্রেড-২০)<br>৮২৫০-২০০১০/- | ০১<br>(এক)টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) প্রার্থীর উচ্চতা অন্যূন ৫ (পাঁচ) ফুট ৫ (পাঁচ) ইঞ্চি এবং সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। |
| ১০। | অফিস সহায়ক<br>(গ্রেড-২০)<br>৮২৫০-২০০১০/- | ০৩<br>(তিন)টি | কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১১। | পরিচ্ছন্নতা কর্মী<br>(গ্রেড-২০)<br>৮২৫০-২০০১০/- | ০১<br>(এক)টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) পরিষ্কার পরিচ্ছন্নতার কাজ এবং যান্ত্রিক ধৌত কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা হবে। |

**নিম্নবর্ণিত শর্তাবলি আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:**

১। বয়সসীমা ০১-০৪-২০২৬ খ্রি. তারিখে ১৮-৩২ বছর। মন্ত্রিপরিষদ বিভাগের ১ ও ৫ নম্বর ক্রমিকে বর্ণিত পদের জন্য বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

২। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। চাকরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় Departmental Candidate এর ঘরে টিক চিহ্ন দিতে হবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। তবে সকল চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।

৩। সকল পদের জন্য লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। মন্ত্রিপরিষদ বিভাগের ১, ২, ৫ ও ৬ ক্রমিক এবং তোশাখানা ইউনিট, তোশাখানা জাদুঘরের ৩ ও ৫ ক্রমিকে বর্ণিত পদের জন্য লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ এবং মন্ত্রিপরিষদ বিভাগের ৩,৪ ও ৭ ক্রমিক এবং তোশাখানা ইউনিট, তোশাখানা জাদুঘরের ১, ২, ৪, ৬, ৭, ৮, ৯, ১০ ও ১১ ক্রমিকে বর্ণিত পদের জন্য লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন।

৪। মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্র/লাইসেন্সের মূল কপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Application Form সহ সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া, জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণপত্র হিসাবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ প্রদান করতে হবে এবং জাতীয় পরিচয়পত্রের ফটোকপি দাখিল করতে হবে।

৫। কোটা দাবির সমর্থনে প্রার্থীকে সর্বশেষ নীতিমালা অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৬। কোটা সংক্রান্ত সরকারের সর্বশেষ পরিপত্র/বিধি-বিধান অনুসরণ করা হবে।

৭। মন্ত্রিপরিষদ বিভাগের ১, ৫ ও ৭ ক্রমিকের ক্ষেত্রে "বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ (সংশোধিত-২০২০)", ২ ও ৬ ক্রমিকের ক্ষেত্রে "সরকারি প্রতিষ্ঠানে কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯", ৩ ক্রমিকের ক্ষেত্রে "মন্ত্রিপরিষদ বিভাগের গ্রন্থাগার (কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২২", ৪ ক্রমিকের ক্ষেত্রে "মন্ত্রণালয় ও বিভাগসমূহের হিসাব কোষের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৮" এবং তোশাখানা ইউনিট, তোশাখানা জাদুঘরের ১ হতে ১১ ক্রমিকের ক্ষেত্রে " তোশাখানা ইউনিটের কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৯" অনুসরণ করা হবে এবং পরবর্তীতে সংশ্লিষ্ট বিধি-বিধানে কোনো সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

৮। লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার ভাতা প্রদান করা হবে না।

৯। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি ও বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করে। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১০। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও করণীয়:

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি https://cabinet.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) অনলাইনে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময় ২৯-০৪-২০২৬ সকাল-১০:০০ ঘটিকা।

(ii) অনলাইনে আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ২৮-০৫-২০২৬ বিকাল-০৫:০০ ঘটিকা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ অনলাইনে-এ আবেদনপত্র submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) অনলাইনে আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ pixel ×প্রস্ত ৮০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ pixel ×প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ, সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে।

(গ) অনলাইনে আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু online-এ আবেদনপত্র submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সর্ম্পকে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন ।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান: অনলাইনে আবেদনপত্র (Application From) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র submit করা সম্পন্ন প্রার্থী একটি user ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী download পূর্বক রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে আবেদন ফি বাবদ মন্ত্রিপরিষদ বিভাগের ১, ২, ৩, ৪, ৫, ৬, ক্রমিকের এবং তোশাখানা ইউনিট, তোশাখানা জাদুঘরের ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭ ও ৮ ক্রমিকের জন্য আবেদন ফি বাবদ ১০০/- (একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ১২/- (বারো) টাকাসহ মোট ১১২ (একশত বারো) টাকা এবং মন্ত্রিপরিষদ বিভাগের ৭ ক্রমিকের ও তোশাখানা ইউনিট, তোশাখানা জাদুঘরের ৯, ১০ ও ১১ ক্রমিকের জন্য আবেদন ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬ /-(ছয়) টাকাসহ মোট ৫৬ (ছাপ্পান্ন) টাকা Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য, অনগ্রসর শ্রেণির (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের) প্রার্থীগণের জন্য সকল ক্রমিকের ক্ষেত্রে আবেদন ফি বাবদ ৫০ (পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ৬ (ছয়) টাকাসহ (অফেরতযোগ্য) মোট: ৫৬/- (ছাপ্পান্ন) টাকা যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

**প্রথম SMS:** CABINET<space>UserID লিখে send করতে হবে 16222 নম্বরে।
Example: CABINET ABCDEF
Reply: Applicant's Name, TK-112/56 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type CABINET<Space>Yes<space>PIN and send to 16222.

**দ্বিতীয় SMS:** CABINET<space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: CABINET Yes 12345678

Reply: Congratulations Applicant's Name, Payment completed successfully for CABINET Application for (post name) User ID is (ABCDEF) and password (xxxxxxxx).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি https://cabinet.teletalk.com.bd ওয়েবসাইটে অথবা মন্ত্রিপরিষদ বিভাগের Website: www.cabinet.gov.bd এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। অনলাইনে আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে: CABINET<space>Help<space>User<space>User ID & Send to 16222. Example: CABINET Help User ABCDEF

(ii) PIN Number জানা থাকলে: CABINET<space>Help<space>PIN<space>PIN Number & Send to 16222. Example: CABINET Help PIN 12345678.

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইট www.cabinet.gov.bd এ বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.cabinet.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

(ঞ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd বা establishment_sec@cabinet.gov.bd ই-মেইল যোগাযোগ করা যাবে। (Mail এর Subject-এ Organization Name: CABINET, Post Name: * * *, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।

(ট) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক প্রদত্ত আবেদনপত্রের সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১১। অনলাইনে আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে প্রবেশ এর QR Code

মন্ত্রিপরিষদ বিভাগের টেলিটক পোর্টালে প্রবেশ এর QR Code

(মোঃ আসাদুজ্জামান)
যুগ্মসচিব (প্রশাসন)
ও
সভাপতি
বিভাগীয় নির্বাচন কমিটি
মন্ত্রিপরিষদ বিভাগ